

দেশের খবর

চবির ১১৯ শিক্ষক শিক্ষা ছুটিতে ৥ অধিকাংশ
চাকরি করছেন বেসরকারী প্রতিষ্ঠানে

এহসান জুয়েল, ঢাকা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে চলছে শিক্ষকদের শাসামহীন শিক্ষা ছুটি। অব্যাহত শিক্ষা ছুটির ফলে পুটে ওঠার উপক্রম হয়েছে শিক্ষার মান। এক বছরের কোর্স শেষ হচ্ছে না দু'বছরেও। এতে বাড়ছে সেশনজট। একদিকে দীর্ঘমেয়াদী ছুটিতে গিয়ে শিক্ষকরা বাণিজ্যিকভাবে লাভবান হচ্ছেন, অন্যদিকে শিক্ষক সঙ্কটের অজুহাতে প্রতিবিভাগে একচেটিয়া দলীয় শিক্ষক নিয়োগ দিয়ে যাচ্ছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

সুত্র জানায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রতি পাঁচজনে একজন শিক্ষক দীর্ঘমেয়াদী ছুটি ভোগ করছেন। ৬০০ শিক্ষকের মধ্যে বর্তমানে ১১৯ শিক্ষকই আছেন দীর্ঘমেয়াদী ছুটিতে। স্বল্পমেয়াদী

ছুটিতে আছেন বিশ্ববিদ্যালয়ের আরও অনেক শিক্ষক। তা ছাড়া সর্গস্ত্র দক্ষতরে ছমা আছে অর্ধশতাধিক ছুটির আবেদনপত্র। ফলে ব্যাহত হচ্ছে পাঠদানের শতাধিক কার্যক্রম। উক্ত

একাডেমিক সমস্যা। জানা যায়, ১১৯ জন দীর্ঘমেয়াদী ছুটিতে থাকা শিক্ষকের মধ্যে ৯২ জন শিক্ষা ছুটি, ২০ জন গিয়েন, ৪ জন 'অসাধারণ' ছুটি ভোগ করছেন। এসব শিক্ষকের মধ্যে

লাটে উঠছে শিক্ষা কার্যক্রম, বাড়ছে সেশনজট

শিক্ষক ছন্ন দীর্ঘমেয়াদী ছুটি গ্রহণ করে অনেক শিক্ষক বেসরকারী বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানে মোটা অঙ্কের বেতনে চাকরি করছেন। তিন শিক্ষক দীর্ঘমেয়াদী ছুটি নিয়ে বেসরকারী তিনটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে চাকরি করছেন। বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষকের দীর্ঘ এ অনুপস্থিতির কারণে সৃষ্টি হচ্ছে শিক্ষক সঙ্কটসহ নানাবিধ

দু'জন শিক্ষক চট্টগ্রামের দুটি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে দায়িত্ব পালন করছেন। এক শিক্ষক ঢাকার একটি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে দায়িত্বরত আছেন। এ ছাড়া বিভিন্ন বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, ফ্যাকান্টি, ডিন হিসেবে দায়িত্ব পালন করছেন আরও বেশ ক'জন শিক্ষক। আবার অনেক শিক্ষক কোন ছুটি ছাড়াই

বিভিন্ন বেসরকারী বিশ্ববিদ্যালয়, বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং এনজিও'র সঙ্গে জড়িত রয়েছেন। দীর্ঘমেয়াদী ছুটিতে বর্তমানে বিশ্ববিদ্যালয়সূত্রে ২৬ অধ্যাপক, ১১ সহযোগী অধ্যাপক, ৭৪ সহকারী অধ্যাপক ও ৮ প্রভাষক ক্যাটাগরির শিক্ষক রয়েছেন। সর্বাধিক ছুটি ভোগ করছেন অর্থনীতি বিভাগের ১৩ শিক্ষক। ব্যবস্থাপনা বিভাগের একজন সাবেক ডিপি, একজন সাবেক প্রো-ভিসিসহ ১০ শিক্ষক ছুটিতে থাকার বিভাগটিতে অব্যাহত রাখা বিরাজ করছে।

অনুষদভিত্তিক বিভাগ অনুসন্দের অবস্থান দীর্ঘমেয়াদী ছুটির তালিকায় প্রথম। এ অনুসন্দের ৪২ শিক্ষক বর্তমানে ছুটিতে রয়েছেন। বাণিজ্য অনুসন্দের ২৯ জন এবং সমাজ বিজ্ঞান অনুসন্দের বর্তমানে ২৬ শিক্ষক দীর্ঘমেয়াদী ছুটিতে রয়েছেন। আবার অনেক শিক্ষকই উক্ত শিক্ষা লাভের উদ্দেশ্যে দেশের বাইরে গিয়ে বিশ্ববিদ্যালয়ে আর ফিরে আসছেন না বলে জানা গেছে। এ পর্যন্ত ফরেন্সি ইনস্টিটিউটের ৮ শিক্ষক পিএইচডি ডিগ্রীর উদ্দেশ্যে দেশের বাইরে গিয়ে বিশ্ববিদ্যালয়ে আর ফিরে আসেননি। তা ছাড়া শিক্ষকদের এই দীর্ঘমেয়াদী ছুটিদানের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় প্রশাসন দলীয় পরিচয়কে তরুণদের সঙ্গে বিবেচনা করে বলেও অভিযোগ পাওয়া গেছে।